


বহির্বিশ্বে প্রথম ছাত্রদল পূর্নাঙ্গ কমিটি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার পূর্নাঙ্গ কমিটি অনুমোদন করেছে বিএনপির কেন্দ্রীয় ছাত্র বিষয়ক সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি এমপি। মোঃ রাশেদুল ইসলাম রাজু



কে সভাপতি ও মোঃ হোসায়িন সারোয়ার সায়মনকে সাধারণ সম্পাদক করে বহির্বিশ্বে এই প্রথম ছাত্রদল অস্ট্রেলিয়ার কমিটি অনুমোদন লাভ করলো। দীর্ঘ দিন থেকে ছাত্রদল অস্ট্রেলিয়ার পূর্নাঙ্গ কমিটি অনুমোদন নিয়ে চলছিল

ব্যাপক আলোচনা। গত কয়েক বছরে ছাত্রদল অস্ট্রেলিয়ার কার্যক্রম প্রশংসিত হয়েছে কেন্দ্রীয় পর্যায়ে। তারই ধারাবাহিকতা ও দেশের বর্তমান রাজনৈতিক প্রক্ষাপটে ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার উদ্যোগে গত কয়েক মাস আগে হোফাজতের উপর সরকারের হামলা ও দেশের মানবাধিকার বিশ্লেষণ করে রিপোর্ট পেশ করে তৎকালীন অস্ট্রেলিয়া প্রধানমন্ত্রী জুলিয়া গিলার্ড এর কাছে। যা পরবর্তীতে এশিয়া প্যাসিফিক ও বাংলাদেশ ডেস্কে পাঠিয়ে বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ান হাই কমিশনকে গভীর ভাবে পর্যবেক্ষণ করার নির্দেশ দেওয়া হয় যা বহির্বিশ্বে ছাত্রদল কার্যক্রমে দৃষ্টান্ত স্থাপন করেছে। এই কর্মকাণ্ড পর্যালোচনা করে ৫৪ সদস্য বিশিষ্ট অস্ট্রেলিয়ার ছাত্রদলের কমিটিকে অনুমোদন দেয়া হয়েছে।